

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩২০

১২. তালাক অধ্যায় (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১১. যে গর্ভবতী স্ত্রীলোকের স্বামী মারা গেছে তার এবং তালাকপ্রাপ্ত স্ত্রীলোকের ইদ্দত সম্পর্কে

بَاب فِي عِدَّةِ الْحَامِلِ الْمُتَوَفَّى عَنْهَا زَوْجُهَا وَالْمُطَلَّاقَةِ

আরবী

أَخْبَرَنَا بَشْرُ بْنُ عُمَرَ الزَّهْرَانِيُّ حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ حَدَّثَنَا مَنْصُورٌ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْوَدِ عَنْ أَبِي السَّنَابِلِ قَالَ وَضَعَتْ سُبَيْعَةُ بِنْتُ الْحَارِثِ حَمْلَهَا بَعْدَ وَفَاةِ زَوْجِهَا بِيضَعٍ وَعِشْرِينَ لَيْلَةً فَلَمَّا تَعَلَّتْ مِنْ نَفَاسِهَا تَشَوَّفَتْ فَعِيبَ ذَلِكَ عَلَيْهَا فَذَكَرَ أَمْرَهَا لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِنْ تَفَعَلْ فَقَدْ انْقَضَى أَجْلُهَا

বাংলা

২৩২০. আবী সানাবিল রাঈয়ালাহ্ আনহ্ থেকে বর্ণিত, তিনি বলেন, সুবাই'আ বিনতুল হারিছ রাঈয়ালাহ্ আনহ্-তার স্বামীর মৃত্যুর বিশদিনেরও অধিক সময় পর সন্তান প্রসব করলেন। এরপর যখন তিনি তার নিফাসের মেয়াদ শেষে পবিত্র হলেন এবং সাজ-সজ্জা করলেন ও বরের খোঁজ করতে লাগলেন, তখন এর জন্য তাকে দোষারোপ করা হলো। তখন তার বিষয়টি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উল্লেখ করা হলে তিনি বললেন: “তুমি যদি এরূপ করে থাকো, তবে তুমি এর ইদ্দত সমাপ্ত করেছো।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪২৯৯ ও মাওয়ারিদুয যামআন নং ১৩২৯ তে। এছাড়াও, বুখারী, আল কুনী ৯/৪১; ইবনুল কানি' মু'জামুস সাহাবাহ, তরজমাহ ৬০; ইবনুল আছীর, আসদুল গাবাহ ৬/১৫৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সানাবিল (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82603>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন